

শিক্ষার্থীরা বিপাকে
জাতীয় বিশ্ববিদ্যালয়ের
ভর্তি পরীক্ষার ফলাফলে
ব্যাপক ভুল

ঢাকা সর্বোদ্যত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশে ব্যাপক ভুলত্রুটির ফলে অনার্স ভর্তিচ্ছু পড় পড় শিক্ষার্থী চরম অনিশ্চয়তার মধ্যে পড়েছে। গত ১ জানুয়ারি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া প্রথম দিনের ফলাফল আর পতকাল সোমবার দেয়া সংশোধিত ফলাফলের মধ্যে অনেক পরিমল দেখা যায়। এতে করে প্রথম দিনের ফলাফল অনুযায়ী যে সকল শিক্ষার্থী বিভিন্ন কলেজে ভর্তি হয়েছে বিত্তীয়বার সংশোধিত ফলাফলে তাদের বিষয় পরিবর্তন হয়ে যাওয়ার তারা চরম বিপাকে পড়েছে। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষও শিক্ষার্থীদের কোন জবাব দিতে পারছে না। অন্যসে ভর্তিচ্ছু তারা গতকাল পূর্ব ভর্তি হয়নি তাদের বিত্তীয়বার সংশোধিত ফলাফল অনুযায়ী ভর্তি হতে গিয়ে অনেক দেখে উদ্বেষিত আসনে পূর্বের ফলাফল মোতাবেক কেউ একজন ভর্তি হয়ে গেছে।

ঢাকা সরকারি কলেজে ভর্তিচ্ছু শিক্ষার্থী মোঃ ফাহিম হোসেন (ফরম নং- ৫৫১১২২০১০০১৪) প্রথম ফলাফলের ভিত্তিতে অর্থনীতি বিষয়ে ভর্তি কার্যক্রম শেষ করে। গতকালের সংশোধিত ফলাফলে ওয়েবসাইটে তার বিষয় আসে হিসাববিজ্ঞান। একইভাবে অপর শিক্ষার্থী মোঃ মাকিবুল হাসান মাকিব (ফরম নং- ৫৫১১২৬০১০০২৬) ব্যবস্থাপনা বিভাগে ভর্তি হওয়ার পর সংশোধিত ফলাফলে হিসাববিজ্ঞান আসায় বিপাকে পড়ে। গতকাল ঢাকা সরকারি কলেজে গিয়ে দেখা গেছে উদ্বেষিত পরিষ্কৃত শিক্ষার পড় পড় শিক্ষার্থী। তারা চরম অনিশ্চয়তার মধ্যে পড়ে যুক্ত উদ্বেষিত পারছে না কি করবে। কলেজ কর্তৃপক্ষও উপায়ভর না দেখে গতকাল ভর্তি কার্যক্রম এক পর্যায়ে স্থগিত করে রাখে। সংশোধিত ফলাফলের কারণে যে সকল অতিমতা দেখা দিয়েছে তা সুরাহা না হলে যাকি শিক্ষার্থীদের ভর্তি করা সম্ভব নয় বলে জানান ঢাকা সরকারি কলেজের ভর্তি কমিটির আহ্বায়ক নিরঞ্জন বিশ্বাস।

ঢাকা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর আকাল উদ্দিন এ প্রতিনিধিকে বলেন, ভুল করে জাতীয় বিশ্ববিদ্যালয় আর বেশারত দিতে হয় শিক্ষার্থী ও কলেজ কর্তৃপক্ষকে। ঢাকা কলেজ ভর্তি কমিটির সদস্য রতন চন্দ্রশীল বলেন, গত বছরও ভর্তি পরীক্ষার ফলাফলের ভুলত্রুটির কারণে যে সকল অতিমতার সৃষ্টি হয়ে তা এক বছরেরও সমাধান হয়নি। কলেজ কর্তৃপক্ষ ও দুর্ভোগে শিক্ষার্থীদের এখনও তার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে দৌঁড়াতে হয়।

এ ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, ইংরেজি বিষয়ের কোডে ভুল থাকার কারণে এ বিষয়ে সর্বনিম্ন সর্বের বাধ্যবাধকতা যাচাই করা বিষয় নির্ধারণকারী সফটওয়্যার-এর পক্ষে সম্ভব হয়নি। এর ফলে কিছু সংখ্যক ছাত্র-ছাত্রী ভুলবশত ইংরেজি বিষয়ে সুযোগ পেয়ে যায়, যা ভর্তি নির্দেশিকার সাথে অসঙ্গতিপূর্ণ। তাই এ সকল ছাত্র-ছাত্রীর পছন্দের ক্রমানুসারে ফলাফল সংশোধন করা হয়েছে।

এছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার আবেদনকালীন সময়ে কিছু কলেজে বিষয়ের সংযোজন অথবা বিয়োজন, আসন সংখ্যার পরিবর্তন, ছাত্র-ছাত্রীদের কোটা সংশোধন, পছন্দ ক্রমের সংশোধন, এইচএসসি অথবা সমমান পরীক্ষার তথ্য সংশোধনের কারণে কিছু ছাত্র-ছাত্রীর ভর্তি নির্দেশিকার নিয়ম অনুযায়ী বিষয় পরিবর্তন করতে হয়েছে।